

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৫৯

আগরতলা, ১৪ জানুয়ারি, ২০২৫

আলপনা গ্রামে পৌষ পার্বণ উৎসব

আলপনা গ্রাম আমাদের গ্রামীণ সংস্কৃতির পরম্পরার
ধারক ও বাহক : তেলেঙ্গানা রাজ্যের রাজ্যপাল

লক্ষামুড়ার আলপনা গ্রামে আজ থেকে দু'দিনব্যাপী পৌষ পার্বণ উৎসবের আয়োজন করা হয়েছে। এই উৎসবের উদ্বোধন করেন তেলেঙ্গানা রাজ্যের রাজ্যপাল যীষু দেববর্মা। উৎসবের উদ্বোধন করে তিনি বলেন, আলপনা গ্রাম আমাদের গ্রামীণ সংস্কৃতির পরম্পরার ধারক ও বাহক। আলপনা গ্রামের কথা এখন রাজ্যের সীমানা ছাড়িয়ে দেশ-বিদেশে ছড়িয়ে গেছে। আলপনা গ্রাম সৃষ্টিতে সংস্কার ভারতী-ত্রিপুরা প্রান্তের বিশেষ ভূমিকা রয়েছে। তিনি বলেন, পৌষ সংক্রান্তি আমাদের কৃষ্টি ও সংস্কৃতির সাথে জড়িয়ে আছে। তিনি আশা প্রকাশ করেন আলপনা গ্রাম ত্রিপুরার গ্রামীণ সংস্কৃতির বিকাশে আগামীদিনে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, আগরতলা পুর নিগমের কর্পোরেটর মিত্রারানী দাস মজুমদার, পশ্চিম ত্রিপুরা জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহঅধিকর্তা মনোজ দেববর্মা প্রমুখ। অতিথিগণ আলপনা গ্রামের প্রতীক নটরাজের মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। উল্লেখ্য, তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং সংস্কার ভারতী-ত্রিপুরা প্রান্তের সহযোগিতায় এই উৎসবের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে আলপনা প্রতিযোগিতায় বিজয়ী তিনটি সামাজিক সংস্থাকে পুরস্কৃত করা হয়। অতিথিগণ বিজয়ী সামাজিক সংস্থার প্রতিনিধিদের হাতে পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংস্কার ভারতী-ত্রিপুরা প্রান্তের সভাপতি সুবল বিশ্বাস। আলপনা গ্রামে পৌষ পার্বণ উৎসব উপলক্ষ দু'দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে।
